

## ঃ বিজ্ঞপ্তি :-

কল্যাণী পৌরসভার পক্ষ থেকে আসন্ন ভয়াবহ ঘূর্ণিঝড় “মোকা”-এর মোকাবিলার জন্য নির্দিষ্ট কিছু নিয়ম ও আদেশ জারী করা হয়েছে, নিম্নরূপে বিষয়গুলি বর্ণিত হল :-

- ১) আসন্ন ঘূর্ণিঝড় “মোকা”-এর জন্য কল্যাণী পৌরসভার পক্ষ থেকে একটি কন্ট্রোল রুম খোল রয়েছে এই কন্ট্রোল রুম ২৪ ঘন্টা কল্যাণী পৌরসভার নাগরিকদের পরিষেবার জন্য সচল আছে। কন্ট্রোল রুমের ফোন নং :- ৮১০০৪৬৬৫০৯
- ২) কল্যাণী পৌরসভার উদ্যান ও কানন বিভাগে কল্যাণী শহরের বিভিন্ন প্রান্তে ঘূর্ণিঝড়ে পড়ে যাওয়া গাছগুলিকে অতি দ্রুত সরানোর জন্য ৪টি দুর্যোগ মোকাবিলার দল তৈরী করা হয়েছে এবং উক্ত কাজটির জন্য প্রয়োজন অনুসারে যাবতীয় যন্ত্রপাতি মজুত রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- ৩) ঘূর্ণিঝড়ের কারণে বিদ্যুৎ সরবরাহের ব্যাঘাত হলেও কল্যাণী শহরের বিভিন্ন প্রান্তে যাতে জল সরবরাহ সচল রাখা যায় সে বিষয়ে কল্যাণী পৌরসভার জল সরবরাহ বিভাগ উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করছে।
- ৪) কল্যাণী পৌরসভার বিদ্যুৎ বিভাগের প্রয়োজনীয় যাবতীয় যন্ত্রপাতি ও জেনারেটর মজুত করা হয়েছে। স্টেশন ম্যানেজার, ডব্লিউ.বি.এস.ই.ডি.সি.এল, কল্যাণী-এর কর্মীগণ হাইটেনশন ও লো টেনশন বিদ্যুতের লাইনের কাজের উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হয়েছে।
- ৫) কল্যাণী পৌরসভার ভান্ডার বিভাগ ত্রাণ সামগ্রী (যথা চাল, চিড়ে, গুড়, শুকনো দুধ, ত্রিপল ইত্যাদি) মজুত করেছে।
- ৬) কল্যাণী পৌর এলাকার অন্তর্গত ৬টি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকাকে চারটি করে শ্রেণী কক্ষ প্রস্তুত রাখার জন্য বলা হয়েছে।
- ৭) কল্যাণী পৌরসভার স্বাস্থ্য বিভাগ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা গ্রহণের প্রস্তুত থাকছে এবং সেই সঙ্গে কল্যাণী পৌরসভার স্বাস্থ্য বিভাগ প্রাথমিক চিকিৎসার জন্য পর্যাপ্ত পরিমাণে ঔষধ মজুত করা হয়েছে।
- ৮) ঘূর্ণিঝড়ের ভয়াবহতার পরবর্তী সময়ে কল্যাণী শহরকে যাতে দ্রুত পরিষ্কার ও পরিচ্ছন্ন করা যায় সেই বিষয়ে কল্যাণী পৌরসভার স্যানিটারি বিভাগ তৈরী রয়েছে।
- ৯) কল্যাণী পৌরসভার ২১টি ওয়ার্ডের পৌরসদস্য ও পৌরসদস্য-কে কল্যাণী পৌরসভার সাথে মিলিতভাবে যোগাযোগ রেখে মোকাবিলার কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়েছে।

উক্ত বিষয়গুলি কল্যাণী পৌরএলাকার নাগরিকদের মধ্যে মাইকিং করে প্রচারের দ্বারা সকলকে সজাগ থাকতে ও টর্চ, রেডিও উপযুক্ত পানীয় জল ও দুর্যোগের সময়ে বাড়ীর বাইরে বেরোতে নিষেধ করা হচ্ছে এবং সর্বোপরি কল্যাণী পৌরসভার সাথে সহযোগিতা করার অনুরোধ করা হচ্ছে এই বিষয়ে সংশ্লিষ্ট বাজার বিভাগকে দায়িত্ব দেওয়া হয়েছে।

৩/৩/২৩  
পৌরপ্রধান  
কল্যাণী পৌরসভা  
কল্যাণী মিউনিসিপালিটি

৩/৩/২৩